

জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী
হাকিম কোয়ার্টার রোড, মাইজদী, নোয়াখালী
ই-মেইল: zpscnoakhali@gmail.com
ওয়েব সাইট: www.zpscno.edu.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বর: জে.প্র.স্ক.ক/মানব.সম্পদ.০০১.২০২৪-০৩

তারিখ: ২৮ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী তে নিম্নবর্ণিত পদসমূহের জন্য যোগ্যতা সম্পন্ন ও আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের' নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও বিষয়	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন স্কেল-২০১৫
০১	সহকারী শিক্ষক (প্রাথমিক শাখা): ক. সাধারণ-০৪ টি খ. হিন্দু ধর্ম-০১ টি	০৫ (পাঁচ) টি	অনূর্ধ্ব ৩৫ বছর	ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ (৪ এর স্কেলে ন্যূনতম ২.২৫ ও ৫ এর স্কেলে ন্যূনতম ২.৮) স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। শিক্ষকতায় অভিজ্ঞ এবং ইংরেজি কথোপকথনে পারদর্শী প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। খ. হিন্দু ধর্মাবলম্বী প্রার্থীগণ সহকারী শিক্ষক (হিন্দু ধর্ম) পদে আবেদন করবেন।	গ্রেড: ১৩ তম (১১,০০০-২৬,৫৯০)

শর্তাবলি:

০১। আগ্রহী প্রার্থীগণকে জেলা প্রশাসক, নোয়াখালী ও সভাপতি, জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী বরাবর ০৫ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে স্বহস্তে লিখিত স্বাক্ষরসহ আবেদন মোবাইল নম্বর ও ই-মেইল উল্লেখপূর্বক ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত তারিখের পরে প্রেরিত আবেদন গৃহীত হবে না। [আবেদন ফরম জমাদানের ঠিকানা: সহকারী কমিশনার (শিক্ষা ও কল্যাণ শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী]

০২। আবেদনপত্রের সাথে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদ (যদি থাকে), কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে), স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, মোবাইল ফোন নম্বর এবং সম্প্রতি তোলা ৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি সংযুক্ত করতে হবে।

০৩। আবেদনপত্রের খামের উপর পদ ও বিষয়ের নাম স্পষ্ট করে লিখতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। আবেদনকারীকে =১,০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) “জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী” এর অনুকূলে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

০৫। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ আবেদন পত্রের সাথে প্রদত্ত মোবাইল নম্বরে যোগাযোগের মাধ্যমে পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৬। নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭। যেকোন ধরনের তদবির/ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

২৮

০৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা নিয়োগ পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তার প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ রাখেন।
০৯। মৌখিক পরীক্ষার সময় আবেদনের সাথে সংযুক্ত সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

খন্দকার ইসতিয়াক আহমেদ
জেলা প্রশাসক, নোয়াখালী

ও
সভাপতি

জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী

ফোন: ০৩২১-৬১০২১

ই-মেইল: dcnoakhali@mopa.gov.bd

নম্বর: জে.প্র.স্কু.ক/মানব.সম্পদ.০০১.২০২৪-০৩

তারিখ: ২৮ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট),
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।

০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী। | বহল প্রচারের জন্য

০৪। সিনিয়র তথ্য অফিসার, নোয়াখালী। | অনুরোধ করা হলো

০৫। প্রধান শিক্ষক, জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, নোয়াখালী।

০৬। সম্পাদক পত্রিকা, নোয়াখালী। [বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় এক দিন প্রকাশের অনুরোধ করা হলো]

০৭। অফিস কপি।

জেলা প্রশাসক
নোয়াখালী